



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়  
আদর্শ সদর, কুমিল্লা।

“ বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন ”

স্মারক নং- ২২০

তারিখঃ- ২৫/৫/২০

বিষয়ঃ চান্দিনা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ২০২২-২০২৩ খ্রিঃ সনের নিরীক্ষা সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ- জেলা সমবায় অফিসার, কুমিল্লা মহোদয়ের আদেশ নং- ১৫/১৪/২০২৩ তারিখঃ- ১৮/০৬/২০২৩ খ্রিঃ।

জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারা যুগ্মে নিম্নস্বাক্ষরকারীকে নিরীক্ষা কর্মকর্তা হিসাবে নিয়োগের প্রেক্ষিতে আপনার সমিতির ২০২২-২০২৩ খ্রিঃ সালের সকল হিসাব পত্র ও স্থাবর-অস্থাবর সম্পদ, একই আইনের ৪৫ ধারায় বর্ণিত বিষয়াদি এবং বিধিদ্বারা নির্ধারিত অন্যান্য বিষয়ের উপর নিরীক্ষা কাজ আগামী ০৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সমিতির নিবন্ধিত কার্যালয়ে সকাল ১১.০০ ঘটিকার সময় আরম্ভ করা হবে।

নিরীক্ষাকালে নিম্নবর্ণিত হিসাবাদিসহ সংশ্লিষ্ট নথি এবং রেকর্ড পত্র (৩০/০৬/২০২৩ খ্রিঃ পর্যন্ত) প্রস্তুত করে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৯৯ বিধিতে ০৪(চার) প্রহু দাখিল করতে এবং ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের উপস্থিত রাখাসহ সকল সদস্য সমিতি/অংশীদার, পাওনাদার ও দেনাদারগণকে নিরীক্ষাকালীন সমিতিতে রক্ষিত স্ব-স্ব হিসাব মিলিয়ে নেয়ার জন্য অবহিতকরনসহ নিরীক্ষায় সার্বিক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক এ জন্য আলাদাভাবে কোন যাচাই/প্রত্যয়ন পত্র সদস্য সমিতির জন্য ইস্যু করা হবে না। অত্র সাথে সংযুক্ত নিরীক্ষা বিজ্ঞপ্তি জাতীয়/স্থানীয় পত্রিকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য তাঁকে অনুরোধ করা হল।

- ১। ১লা জুলাই/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নগদ প্রবাহ বিবরণী নোটাংশসহ (Cash flow) ও ৩০ জুন ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত রেওয়ামিল (Trial Balance)।
- ২। ১লা জুলাই/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত জমা-খরচ হিসাব (Cash Accounts)।
- ৩। ১লা জুলাই/২০২৩ খ্রিঃ তারিখ ব্যবসায়িক হিসাব (Trading Accounts)।
- ৪। ২০২২-২০২৩ খ্রিঃ সনের লাভ-লোকসান হিসাব (Profit \$Loss Accounts)।
- ৫। ২০২২-২০২৩ খ্রিঃ সনের লাভ-লোকসান বন্টন হিসাব (Profit \$Loss Appropriation)।
- ৬। ৩০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখে উদ্বৃত্তপত্র (Balance Sheet)।
- ৭। ৩০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখে মজুত মালামালের হিসাব।
- ৮। ৩০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখে ব্যাংক বিবরণী (Bank Statement)।
- ৯। সদস্য সমিতি হতে গৃহিত শেয়ার, সঞ্চয়, অন্যান্য আমানত ও অগ্রিম দেনার এবং সদস্য সমিতিতে প্রদত্ত ঋণের আসল, সার্ভিস চার্জ, সুদ, দস্ত সুদ ও অগ্রিম পাওনার বিস্তারিত তালিকা (Detail List)।
- ১০। স্থায়ী ও অস্থায়ী সম্পদের বিস্তারিত তালিকা (Detail List)।
- ১১। আইন ও বিধি দ্বারা নির্ধারিত রেজিষ্টার ও বহিসমূহ এবং তথ্য/হিসাবাদি।

সভাপতি/সচিব,  
চান্দিনা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ  
চান্দিনা, কুমিল্লা।

স্মারক নং-

তারিখঃ-

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। জেলা সমবায় অফিসার, কুমিল্লা।
- ৩। উপজেলা সমবায় অফিসার, চান্দিনা, কুমিল্লা।
- ৪। অফিস নথি।

(মোঃ আমীর আলী)  
নিরীক্ষা কর্মকর্তা

উপজেলা সমবায় অফিসার  
আদর্শ সদর, কুমিল্লা।  
মোবাইল- ০১৬২২-৬৩৩৬১৮

নিরীক্ষা কর্মকর্তা

উপজেলা সমবায় অফিসার  
আদর্শ সদর, কুমিল্লা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় অফিসার কার্যালয়  
আদর্শ সদর, কুমিল্লা।

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ের উন্নয়ন”

## নিরীক্ষা বিজ্ঞপ্তি

এতদ্বারা চান্দিনা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, চান্দিনা, কুমিল্লা এর সকল সদস্য সমিতিসহ সকল  
দেনাদার/পাওনাদারগণকে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সমিতির কার্যালয়ে আগামী  
০৫/০৯/২০২৩খ্রিঃ তারিখ হতে “চান্দিনা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ” চান্দিনা, কুমিল্লা এর ২০২২-  
২০২৩খ্রিঃ সনের বার্ষিক নিরীক্ষা আরম্ভ করা হবে। সমিতির সকল দেনাদার/পাওনাদার সহ সংশ্লিষ্ট সকলকে  
তাদের নিজ নিজ হিসাব সমিতির হিসাবের সাথে নিরীক্ষাকালীন মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।  
অন্যথায় সমিতির কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত ও রক্ষিত হিসাবকে চূড়ান্ত বলে গণ্য করা হবে। এ বিষয়ে  
পৃথকভাবে অন্য কোন যাচাই পত্র ইস্যু করা হবে না।

(মোঃ আমীর আলী)  
নিরীক্ষা কর্মকর্তা

ও

উপজেলা সমবায় অফিসার  
আদর্শ সদর, কুমিল্লা।  
মোবাঃ- ০১৬২২-৬৩৩৬১৮